কুড়ুলগাছির বুইচিতলায় ফেন্সিডিল ও ইয়াবাসহ মোটরসাইকেল জব্দ

দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন কুড়ুলগাছি ইউনিয়নের সীমান্তবর্তী গ্রাম বুইচিতলায় বিজিবির পৃথক মাদক বিরোধী অভিযানে ফেন্সিডিল ও ইয়াবা ট্যাবলেটসহ ২টি মোটরসাইকেল আটক করেছে চুয়াডাঙ্গা ৬ বিজিবির ফুলবাড়ি বিওপির সদস্যরা।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে বুইচিতলা গ্রামের শামীমের গোডাউনের সামনে অভিযান চালিয়ে ৪০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ একটি মোটরসাইকেল আটক করতে সক্ষম হয়।
এ সময় মোটরসাইকেল মালিক শফিকুল ইসলাম বিজিবির উপস্থিতি টের পেয়ে কৌশলে পালিয়ে যায়।

এদিকে একই দিন সকাল ১০টা ৪৫ মিনিটের সময় বুইচিতলা নুরুল উলুম হাফেজিয়া মাদ্রাসার কাছে গোপন সংবাদের ভিত্তিতে ফুলবাড়ি বিওপির ক্যাম্প কমান্ডার মো: মুস্তাফিজুর রহমান মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এ সময় হাফেজিয়া মাদ্রাসার সামনে একটি ১৫০ সিসি পালসার মোটরসাইকেল পরিত্যাক্ত অবস্থায় উদ্ধার করেন। মোটরসাইকেলে তল্লাশি চালিয়ে ১২ বোতল ফেন্সিডিল উদ্ধার করতে সক্ষম হন। মোটরসাইকেলের মালিক কুড়ুলগাছি মাঠপাড়ার কাজেম আলীর ছেলে আ: কুদ্দুস কৌশলে পালিয়ে যায়।

এই ঘটনায় ফুলবাড়ি বিওপির ক্যাম্প কমান্ডার মো: মুস্তাফিজুর রহমান বাদী হয়ে গতকাল বৃহস্পতিবার দশর্না থানায় একটি মামলা দায়েরপূবর্ক মোটরসাইকেল ২টি সোর্পদ করেছেন। অভিযোগ রয়েছে তারা দীর্ঘদীন যাবত মাদক ব্যবসার সাথে জড়িত। তাদের একাধিক মাদক মামলা রয়েছে বলে জানা গেছে।

দামুড়হুদায় শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

দামুড়হুদা উপজেলা পরিষদের সভাকক্ষে মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদায় উপজেলা প্রশাসনের আয়োজনে গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার সময় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, সাধারণ সম্পাদক মাহাফুজুর রহমান মন্জু, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুনসহ উপজেলা পরিষদের সকল কর্মকর্তাগণ।

চুয়াডাঙ্গা-১ আসনের সাংসদের সাথে আলমডাঙ্গায় নেতা-কর্মীদের মতবিনিময়

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গা আওয়ামী লীগের অফিসে দলীয় নেতা কর্মীদের সাথে মতবিনিয় করেছেন।

মতবিনিময় সভায় এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, আপনারা করোনা ভাইরাসের টিকা গ্রহণ করুন। সরকার বিনা পয়সায় টিকা পাঠিয়েছে আপনারা যদি টিকা না নেন তাহলে আলমডাঙ্গা উপজেলার বরাদ্ধকৃত টিকা পাশের উপজেলা নিয়ে যাবে। আপনারা টাকা থেকে বঞ্চিত হবেন।

তিনি পৌর আওয়ামী লীগের সকল স্তরের নেতা কর্মীদের অভিনন্দন জানিয়ে বলেন, আপনারা ঐক্যবদ্ধ ভাবে নৌকাকে বিজয়ী করে দলের ভাবমূর্তি উজ্জল করেছেন। নৌকার প্রার্থী উপজেলা আওয়ামী লীগের সভাপতি চতুর্থ বারের মত পৌর মেয়র নির্বাচিত হওয়ায় জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে অভিনন্দন জানান তিনি।

নবনির্বাচিত মেয়র হাসান কাদীর গনু বলেন, আমি সর্বপ্রথম প্রাণ প্রিয় নেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানাই। অভিনন্দন জানাচ্ছি আমাদের চুয়াডাঙ্গা জেলার আওয়ামী লীগের এক মাত্র ভরসা সকলের প্রাণ প্রিয় নেতা এমপি ছেলুন জোয়ার্দারকে, জেলা, উপজেলা ও পৌর আওয়ামী লীগের সকল নেতাকর্মীকে। আমি আপনাদের কাছে সত্যি ঋণি, আল্লাহর ইচ্ছায় ৪র্থ বারের মতো মেয়র নির্বাচিত করায় পৌরবাসিসহ সকলের কাছে আমি কৃতজ্ঞ। আপনারা দোয়া করবেন আমি যেন এই পৌরসভাকে মডেল পৌরসভায় রুপান্তর করতে পারি, সে জন্য আপনারা সহযোগীতা করবেন।

উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলীর উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি প্রশান্ত অধিকারি, জেলা সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, এ্যাড. শামসুজ্জোহা, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, হামিদুল ইসলাম, খন্দকার শাহ আলম মন্টু, মজিবর রহমান, আমিরুল ইসলাম মন্টু, যুগ্ম-সম্পাদক কাজী রবিউল হক, সাংগাঠনিক সম্পাদক কাজী খালেদুর রহমান অরুন, জেলা নির্বাহী সদস্য শাহ আলম, আবু মুছা, সিরাজুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, যুগ্ম-সম্পাদক সাইফুর রহমান পিন্টু, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাড. সালমুন আহম্মদ ডন,

আওয়ামী লীগ নেতা দিদার আলী, আবু সাইদ পিন্টু, মোস্তাফিজুর রহমান রুন্নু, রাহাব আলী, হাফিজুর রহমান বাবলু, আশিকুর রহমান ওল্টু, হান্নান মাস্টার, চঞ্চল মাহমুদ, নুরুল ইসলাম দিপু, তরিকুল ইসলাম, মকবুল হোসেন, আবু তাহের আবু, রকিবুল ইসলাম, মিজানুর রহমান, জয়নাল আবেদীন, সোনা উল্লা, রেজাউল হক তবা, জাহাঙ্গীর আলম, কামাল হোসেন, নবনির্বাচিত কাউন্সিলর জহুরুল হক স্বপন, আব্দুল গাফার, খন্দকার মজিবুল হক, শিপ্রা বিশ্বাস, রাবেয়া খাতুন ও মনোয়ারা খাতুন, যুবলীগ নেতা আহসান উল্লাহ, সাজ্জাদুল হক স্বপন, উপজেলা মৎসজীবী লীগের উপজেলা আহবায়ক রেজাউল হক, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, ছাত্রলীগ

আলমডাঙ্গায় ৪র্থ তলা থেকে পড়ে শ্রমিক আহত

আলমডাঙ্গার পৌর শহরের হাইরোডে ৪র্থ তলা থেকে পড়ে একজন শ্রমিক গুরুত্বর আহত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে হাইরোডস্থ সদ্য নির্মিত জে এস টাওয়ারে কাজ করার সময় দুর্ঘটনা বশত সে নিচে পড়ে যায়।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর থানাধীন আকুন্দবাড়ীয়া গ্রামের মিলন আলির ছেলে শামিউল (১৯) গত কয়েক দিন ধরে আলমডাঙ্গার বিসমিল্লাহ থায় গ্লাস হাউজে কাজ করছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে বিসমিল্লাহ থায় গ্লাসের পক্ষ থেকে জেএস টাওয়ারের ৪র্থ তলায় হাইরোডের দিকে গ্লাসের কাজ করছিলো। এ সময় বিল্ডিং এ বাঁশের ভাড়া ভেঙ্গে ৪র্থ তলা থেকে পড়ে যায়।

প্রথমে সে নিচে স্টান্ড করা মোটরসাইকেলে পড়ে। তারপর সে পিজ রাস্তার উপড়ে পড়ে। এ ঘটনায় সে গুরুত্বর জখম হয়। স্থানীয়রা উদ্ধার করে আলমডাঙ্গার একটি প্রাইভেট ক্লিনিকে ভর্তি করে।

কালীগঞ্জে ইয়াবাসহ নারী মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার পৌরসভা এলাকা থেকে ৮৪ পিচ ইয়াবা ট্যাবলেটসহ জাহিদা বেগম (৫০) নামের এক নারীকে আটক করেছে পুলিশ।

গতকাল বৃহস্পতিবার ভোরে পৌরসভার কলেজপাড়া থেকে তাকে আটক করা হয়। আটককৃত জাহিদা বেগম কালীগঞ্জ উপজেলার বাকুলিয়া গ্রামের মকছেদ বিশ্বাসের মেয়ে।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে কলেজপাড়া এলাকায় মাদক ক্রয়-বিক্রয় হচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালায় পুলিশ।

এ সময় অন্যরা পালিয়ে গেলে জাহিদা বেগমকে ৮৪ পিচ ইয়াবাসহ আটক করা হয়। এ ঘটনায় কালীগঞ্জ থানায় মামলা হয়েছে।

হরিণাকুণ্ডুতে জনতার হাতে চোর আটক

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মোটরসাইকেল চুরি করতে গিয়ে চরমপন্থী বাহিনীর বর্তমান আঞ্চলিক প্রধান আবু সাঈদ জনতার হাতে পাকড়াও হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে উপজেলার হাসপাতালের সামনে থেকে নব নির্বাচিত কাউন্সিলর হাসেম আলীর মোটরসাইকেল চুরির সময় সাধারণ জনতা তাকে পাকড়াও করে গণপিটনির পর পুলিশে সোপার্দ করে। এ মোটর সাইকেল চোর আবু সাঈদ উপজেলার পারদখলপুর গ্রামের ছানোয়ার মন্ডলের ছেলে।

সে দির্ঘদিন যাবৎ সন্ত্রাসী কর্মকাণ্ডের সাথে জড়িত হয়ে এলাকা ছাড়া রয়েছে বলেও জানা গেছে।

এ ব্যাপারে হরিণাকুণ্ডু থানা অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা জানান, গতকাল বৃহস্পতিবার হাসপাতাল থেকে মোটর সাইকেল চুরির সময় সাধারণ জনতা তাকে হাতে নাতে ধরে ফেলে। পরে তারা পুলিশে খবর দিলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাকে গ্রেফতার করে।

স্থানীয়রা জানান, এর আগেও ৮ জুন ২০১৯, একটি ওয়ান সুটারগান ও এক রাউন্ড গুলিসহ ডিবি পুলিশের হাতে গ্রেফতার হন ওই সন্ত্রাসী আবু

সাইদ। তার বিরুদ্ধে অস্ত্র আইনে একাধীক মামলা রয়েছে বলেও জানা গেছে।

গাংনীতে বেড়েছে তামাক চাষ!

স্বাস্থ্য ঝুঁকি থাকলেও গাংনী উপজেলায় ব্যাপক হারে বেড়েছে তামাকচাষ। এরমধ্যে গাংনী উপজেলায় প্রায় ৫৫ ভাগ আবাদী জমিতে তামাকের আবাদ হয়েছে।

বিগত বছর গুলোতে তামাক চাষে অধিক লাভবান হওয়ায় এবং কৃষি অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের উদাসীনতায় উৎসাহিত হয়েছে তামাক চাষীরা।
জানা গেছে, উৎপাদন খরচ বাদ দিয়েও তামাক চাষীরা বিঘা প্রতি ৮০ হাজার থেকে ১ লাখ টাকা পর্যন্ত পেয়ে থাকে।

এ সুযোগে তামাক উৎপাদনে সংশ্লিষ্ট কোম্পানিগুলো কৃষকের মাঠ দাপিয়ে বেড়াচ্ছে।

অন্যদিকে, খাদ্যশষ্য উৎপাদনের জমি তামাক চাষের কাজে অধিক হারে ব্যবহৃত হওয়ায় এবার বোরো চাষ কমে যাচ্ছে।

এতে গাংনী খাদ্য উদ্বৃত্ত উপজেলার স্বীকৃতি ধীরে ধীরে হারিয়ে যাচ্ছে। ফলে মারাত্মক ভাবে খাদ্য সংকটের আশঙ্কা করা হচ্ছে।

জেলা কৃষি উপ-পরিচালক জানান, ২০০১ সালের কৃষি শুমারী অনুযায়ী এ জেলায় আবাদি জমির পরিমাণ ছিল ৬০ হাজার ১২৪ হেক্টর।

বর্তমানে গাংনী উপজেলায় আবাদি জমির পরিমাণ ২৮ হাজার ৫’শ হেক্টর বলে জানায় গাংনী উপজেলা কৃষি অফিস।

তবে বিশেষজ্ঞরা মনে করছে, স্বাভাবিক নিয়মের দ্বিগুণ হারে এ উপজেলায় আবাদি জমির পরিমাণ কমছে। এর প্রধান কারণ অস্বাভাবিক ভাবে নতুন করে গড়ে উঠা ইট ভাটা ও তামাক চাষে ঝুঁকে পড়া। উপজেলায় খাদ্যশষ্য উৎপাদনের জমি অধিকহারে তামাক চাষে ব্যবহৃত হচ্ছে। এবার বোরো আবাদ তুলনামূলক কম হওয়ায় গাংনীতে খাদ্য উৎপাদন কম হবে বলে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মডেল মসজিদ নির্মানের স্বার্থে নতুন কমিটি গঠনের দাবিতে মানববন্ধন কর্মসূচী পালন করেছেন মুসল্লিরা।

বৃহস্পতিবার সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচী পালিত হয়েছে। মসজিদের নিয়মিত মুসল্লী ও স্থানীয় ব্যবসায়ীরা ব্যানার ফেস্টুন নিয়ে এই মানববন্ধনে অংশ নেন।

এসময় বক্তারা বলেন, জনগণের টাকায় মসজিদ চলে অথচ টাকার সঠিক হিসাব দেওয়া হয় না। প্রসাবখানা সব সময় উৎকট দুর্গন্ধময় হয়ে থাকে। মেয়াদউত্তীর্ণ কমিটির অবহেলার কারণে মসজিদের উন্নয়ন ব্যাহত হচ্ছে। বিগত বছরের আয় ব্যায়ের অডিট প্রকাশ করা হয়নি। ফোটন তাহের কমিটির অনিয়মের বিষয়টি ধর্মপ্রাণ মুসল্লিরা মেনে নিতে পারছেন না।

মানববন্ধনে অংশ নেন শফিউদ্দিন শফি, আব্দুল জলিল, সাদ আহম্মেদ, সালেকুজ্জামান সেলিম, রনি আহম্মেদ, জাহাঙ্গীর হোসাইন, হাজী মোদাচ্ছের হোসাইন, এনামুল কবির রানা, মোফিদুল ইসলাম মফিজ, কামরুজ্জামান কাজল ও ছিদ্দিকুর রহমান বক্তব্য রাখেন।

তথ্য নিয়ে জানা গেছে, কেন্দ্রীয় জামে মসজিদের ফোটন-তাহের কমিটির মেয়াদ অনেক আগে শেষ হয়ে গেছে। এর আগে তারা পদত্যাগ করেছেন। তারপর তারা দ্বায়িত্ব ছাড়ছেন না বলে মানববন্ধনে উপস্থিত মুসল্লিরা অভিযোগ করেন।

তাদের অব্যবস্থাপনার কারণে মসজিদের উন্নয়ন কাজ বন্ধ রয়েছে। দ্রুত কমিটি বাতিল ও নতুন কমিটি গঠনের দাবি জানান তারা।

পরে ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য, জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী অফিসার ও ঝিনাইদহ পৌরসভার মেয়রকে স্মারকলিপি দেওয়া হয় বলে জানান, ব্যবসায়ী জাহাঙ্গীর হোসাইন।

দামুড়হুদায় কোভিড- ১৯ টিকাদান

বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত

আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজে ওয়েভ ফাউন্ডেশন ও দামুড়হুদা উপজেলা লোকমোর্চা আয়োজনে কোভিড- ১৯ টিকাদান কর্মসূচি বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল দশ টার সময় দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সভাপতি ও আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোঃ কামাল উদ্দীন এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকর্তা আবুহেনা মোহাম্মদ জামাল (শুভ)।

এছাড়া আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা উপজেলা যুবলীগের সংগ্রামী সাধারণ সম্পাদক মোঃ হযরত আলী,সহ দামুড়হুদা উপজেলা লোকমোর্চার কমিটির সকল পর্যায়ের সদস্য বৃন্দ,সাংবাদিক বৃন্দ।

অনুষ্ঠানে কোভিড- ১৯ টিকাদান কর্মসূচি বিষয় নিয়ে আলোচনা করা হয়।